জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

সূত্র : ১৬(৬৯৯) জাতী: বি:/অন-ক্যাম্পাস মাস্টার্স/ভর্তি/২০১৪/১/৩০২১ তারিখ : ১৫/০৯/২০২৪

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে নন-থিসিস/ থিসিস বেইজ্‌ড Master of Advanced Studies (MAS) ও Advanced MBA প্রোগ্রামে

ভর্তি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট : (www.nu.ac.bd/admissions)

জাতীয় বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে অন-ক্যাম্পাস নন-থিসিস/থিসিস বেইজ্‌ড মাস্টার অব এডভান্সড স্টাডিজ (MAS) ও Advanced MBA প্রোগ্রামে নিম্নবর্ণিত বিষয়সমূহে শিক্ষার্থী ভর্তির জন্য অন-লাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম ১৯/০৯/২০২৪ থেকে ০২/১১/২০২৪ তারিখ রাত ১২টার মধ্যে পূরণ করতে হবে এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে (gateway) অথবা পে-স্লিপ ডাউনলোড করে প্রাথমিক আবেদন ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা জমা দিয়ে আবেদন ফরমের প্রিন্ট কপি অনলাইন থেকে ০৫/১১/২০২৪ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।

অন-ক্যাম্পাস মাস্টার অব এডভান্সড স্টাডিজ (MAS) ও Advanced MBA প্রোগ্রামে ভর্তির বিষয়সমূহ নিম্নরূপ

প্রোগ্রামের নাম	গ্রুপ	বিষয়
MAS	আর্টস	বাংলা, ইতিহাস
	সোশ্যাল সায়েন্স	সমাজবিজ্ঞান, অর্থনীতি, গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান, নিউট্রিশন এন্ড ফুড সায়েন্স
	ন্যাচারাল সায়েন্স	রসায়ন, পরিসংখ্যান, কম্পিউটার সায়েন্স
	লাইফ এন্ড আর্থ সায়েন্স	প্রাণিবিজ্ঞান
Advanced MBA	বিজনেস স্টাডিজ	একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস, ম্যানেজমেন্ট স্টাডিজ, মার্কেটিং, ফিন্যান্স এন্ড ব্যাংকিং, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট

১. **ভর্তির যোগ্যতা**

ক. নন-থিসিস/ থিসিস বেইজ্‌ড MAS ও Advanced MBA প্রোগ্রামে ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয় বা ইউজিসি কর্তৃক অনুমোদিত বাংলাদেশের যে-কোনো বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি থাকতে হবে। তবে ৩ বছর মেয়াদি অনার্সসহ মাস্টার ডিগ্রিধারী কলেজ শিক্ষকগণ নন-থিসিস/ থিসিস বেইজ্‌ড MAS ও Advanced MBA প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন। সমমানের পরীক্ষায় পাশ করা দেশ-বিদেশের শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত নিয়ম-কানুন ও শর্ত অনুযায়ী পূর্ণকালীন শিক্ষার্থী হিসেবে ভর্তি হতে পারবেন।

খ. শিক্ষা জীবনে এসএসসি থেকে স্নাতক (সম্মান) ডিগ্রি পর্যন্ত অন্তত ১ টি প্রথম বিভাগ/ শ্রেণি বা ন্যূনতম সিজিপিএ ৩.০০ এবং অপর দু'টিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/ শ্রেণি বা ন্যূনতম সিজিপিএ ২.৫০ থাকতে হবে। তবে ৩ বছর মেয়াদি অনার্সসহ মাস্টার্স ডিগ্রিধারী জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ শিক্ষকদের ক্ষেত্রে এসএসসি থেকে মাস্টার্স ডিগ্রি পর্যন্ত একটি প্রথম বিভাগ/ শ্রেণি বা ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকলে তারাও ভর্তির জন্য আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন।

গ. ভাষাবিজ্ঞান, ফোকলোর ও নাট্যতত্ত্ব বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রিধারীগণ বাংলা বিষয়ে এমএএস প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন

ঘ. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রিধারীগণ ইতিহাস বিষয়ে এমএএস প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

ঙ. নৃ-বিজ্ঞান/সমাজকর্ম বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রিধারীগণ সমাজবিজ্ঞান বিষয়ে এমএএস প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

চ. নিউট্রিশন এন্ড ফুড সায়েন্স বিষয়ে ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়/ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত যে-কোনো বিশ্ববিদ্যালয় থেকে পুষ্টি ও খাদ্য বিজ্ঞান/ খাদ্য ও পুষ্টি/ গার্হস্থ্য অর্থনীতি/ পাবলিক হেলথ্ নিউট্রিশন/ ফুড সায়েন্স এন্ড টেকনোলজি/ ফুড ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ও ৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি থাকতে হবে। তবে উল্লিখিত বিষয়ে ৩ বছর মেয়াদি অনার্সসহ মাস্টার্স ডিগ্রিধারী কলেজ শিক্ষকগণ MAS প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন। এছাড়াও এমবিবিএস/ বিডিএস/ নার্সিং/ ফিজিওথেরাপি বিষয়ে স্নাতক ডিগ্রিধারীগণ নন-থিসিস/ থিসিস বেইজ্‌ড MAS প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন।

ছ. ফলিত রসায়ন/প্রাণ রসায়ন বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রিধারীগণ রসায়ন বিষয়ে এমএএস প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

জ. কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ECE/EEE বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারীগণ কম্পিউটার সায়েন্স বিষয়ে এমএএস প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

ঝ. **বিজনেস স্টাডিজ** গ্রুপের ক্ষেত্রে আবেদনকারীগণ তাদের স্নাতক (সম্মান) পর্যায়ের মেজর বিষয়ে নন-থিসিস/ থিসিস বেইজ্‌ড Advanced MBA প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিষয়ে ভর্তির ক্ষেত্রে ম্যানেজমেন্ট এবং মার্কেটিং বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রিধারীগণও আবেদন করতে পারবেন।

২. **প্রোগ্রামের মেয়াদ**
সেমিস্টার পদ্ধতিতে নন-থিসিস/ থিসিস বেইজ্‌ড MAS ও Advanced MBA প্রোগ্রামের মেয়াদ ১ বছর ৬ মাস, যা ৩ সেমিস্টারে বিভক্ত।

৩. **ফেলোশিপ সংক্রান্ত তথ্যাদি ও শর্তাবলি**
বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজের শিক্ষকদের মধ্যে যারা নন-থিসিস/থিসিস বেইজ্‌ড MAS ও Advanced MBA প্রোগ্রামে ভর্তি হবেন তাদের প্রথম সেমিস্টার পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ৪ স্কেলে ন্যূনতম জিপিএ ৩.০০ প্রাপ্তদের প্রতি বিষয়ে ৩ (তিন) জনকে মাসিক নির্ধারিত হারে ১ বছরের জন্য বৃত্তি প্রদান করা হবে। কলেজ শিক্ষক ব্যতীত সাধারণ শিক্ষার্থীদের মধ্যে যারা প্রথম সেমিস্টার পরীক্ষায় ৪ স্কেলে জিপিএ ৩.৭০ প্রাপ্ত হবেন তাদের প্রত্যেককে মাসিক নির্ধারিত হারে ১ বছরের জন্য বৃত্তি প্রদান করা হবে।

(উল্লেখ্য, নন-থিসিস/থিসিস বেইজ্‌ড এমএএস/এডভান্সড এমবিএ প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীগণকে পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নীতিমালা অনুযায়ী ভাইস-চ্যান্সেলর এওয়ার্ড প্রদান করা হবে।)

৪. **অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও পে-স্লিপ ডাউনলোড**

ক. আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **(www.nu.ac.bd/admissions) Master's Tab** থেকে **Apply Now (On-Campus MAS & MBA)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীকে সতর্কতার সঙ্গে নিজের নাম, পিতা ও মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য ও জন্ম তারিখ নির্ভুলভাবে এন্ট্রি দিতে হবে। **এছাড়াও প্রার্থীদের এসএসসি, এইচএসসি, স্নাতক ও স্নাতকোত্তর পরীক্ষার মার্কশিটের সত্যায়িত কপি স্ক্যান করে আপলোড করতে হবে।**

খ. ফরম পূরণের সময় আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে **120 x 150 pixels, Image Type: jpg** এবং **maximum file size:50Kb.**

গ. কোনো প্রার্থী তার প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে **Applicant Login** সিলেক্ট করে **NU On-Campus MAS and MBA Login** অপশনে রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে **Form Cancel/Photo Change Option** এ গিয়ে **Click to Generate the OTP** অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে **SMS**-এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবেন। এই **OTP** এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবেন। আবেদনকারী এ সুযোগ কেবল একবারই পাবেন। তবে কোনো প্রার্থী জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন (**gateway**) অথবা পে-স্লিপ ডাউনলোড করে প্রাথমিক আবেদন ফি জমা দেওয়ার পর ফরম বাতিল করতে পারবেন না।

ঘ. সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে (রোল নম্বর ও পিন কোড উল্লেখপূর্বক) **Download Pay Slip** অপশন থেকে সোনালী সেবার পে-স্লিপ **Print** করে নিকটস্থ সোনালী ব্যাংকের যে-কোনো শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

ঙ. **প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর ছবি/তথ্য ভুল অথবা অসত্য বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

৫. **পে-স্লিপের মাধ্যমে ফি জমা দিয়ে আবেদন ফরম ডাউনলোড**

ক. পে-স্লিপ ডাউনলোড করে অথবা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে (**gateway**)-এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফি জমা দিলে প্রার্থীর আবেদন ফরমে উল্লিখিত মোবাইল নম্বরে **SMS**-এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করার জন্য তথ্য দেওয়া হবে। এ পর্যায়ে আবেদনকারী তার রোল নম্বর ও পিন ব্যবহার করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Applicant Login (NU On-Campus MAS and MBA Login)** অপশন থেকে আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট নিবেন।

খ. প্রাথমিক আবেদন ফি ব্যতীত কোন প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।

নিম্নের নির্দেশনাটি অনুসরণ করুন

[অনলাইনে আবেদন করুন] ➔ [পে-স্লিপ ডাউনলোড ও প্রিন্ট করুন অথবা অনলাইন গেটওয়ে ব্যবহার করুন] ➔ [পে-স্লিপটি সোনালী ব্যাংকের যে-কোনো শাখায় জমা দিন]

পে-স্লিপ অথবা অনলাইন গেটওয়ের মাধ্যমে ফি পরিশোধের পর আবেদনকারীকে তা এসএমএস মাধ্যমে জানিয়ে দেওয়া হবে এসএমএস প্রাপ্তির পর **Applicant Login (NU On-Campus MAS and MBA Login)** অপশন থেকে আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

৬. **ভর্তি পরীক্ষা (লিখিত এবং মৌখিক) বিষয়ে করণীয়**

ক. MAS ও Advanced MBA ভর্তির লিখিত ও মৌখিক পরীক্ষা নির্ধারিত তারিখ ও সময় অনুযায়ী অনুষ্ঠিত হবে।

খ. লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। মৌখিক পরীক্ষার সময় আবেদনকারীদের সকল পরীক্ষার সনদ ও নম্বরপত্রের কপি, সোনালী সেবার মাধ্যমে আবেদন ফি জমা রশিদের মূলকপি ও প্রাথমিক আবেদন ফরমের কপি সঙ্গে রাখতে হবে।

গ. ভর্তির সময় বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট গ্রুপ চেয়ারম্যান-এর দপ্তরে মূল সনদ ও নম্বরপত্র প্রদর্শন করতে হবে। উল্লেখ্য যে, কোনো আবেদনকারী ভুল তথ্য উপস্থাপনের মাধ্যমে মেধাতালিকায় স্থানপ্রাপ্ত হয়ে ভর্তি হলে তার ভর্তি বাতিল করা হবে।

৭.	প্রাথমিক আবেদন ও ভর্তির সময়সূচি		
	ক.	ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ	১৫/০৯/২০২৪
	খ.	অনলাইনে আবেদন ফরম পূরণের তারিখ	১৯/০৯/২০২৪ থেকে ০২/১১/২০২৪
	গ.	সোনালী সেবার টাকা জমাদান আবেদনকারী প্রতি ১,০০০/- (এক হাজার) টাকা হারে আবেদন ফি জমা দিতে হবে। (Pay Slip এ ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- ০২১৮১১০০০০২৭০১ উল্লেখপূর্বক টাকার অংক লেখা থাকবে।)	২২/০৯/২০২৪ থেকে ০৫/১১/২০২৪
	ঘ.	লিখিত পরীক্ষার তারিখ (ভর্তি পরীক্ষার স্থান: একাডেমিক ভবন, বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাস)	১০/১১/২০২৪ (বেলা ১১টা থেকে ১২টা পর্যন্ত)
	ঙ.	লিখিত পরীক্ষা ফলাফল প্রকাশ	১৩/১১/২০২৪
	চ.	মৌখিক পরীক্ষার তারিখ (মৌখিক পরীক্ষার স্থান: একাডেমিক ভবন, বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাস)	১৭/১১/২০২৪ থেকে ১৮/১১/২০২৪ (সময়-সকাল ১০.৩০ টা)
	ছ.	মেধা তালিকা প্রকাশ	২১/১১/২০২৪
	জ.	পে স্লিপ ডাউন লোড ও ভর্তির তারিখ	২৫/১১/২০২৪ থেকে ০৫/১২/২০২৪
	ঝ.	ক্লাস শুরুর তারিখ (ক্লাস জাতীয় বিশ্ববিদ্যালয় গাজীপুর ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে।)	০৯/১২/২০২৪

৮. নির্ধারিত সময়ের পর কোনোক্রমেই আবেদন গ্রহণ করা হবে। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

৯. ভর্তি বিজ্ঞপ্তির যেকোনো শর্ত বাতিল বা পরিবর্তনের ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে। অনিবার্য কারণে ভর্তির সময়সূচি পরিবর্তন করার প্রয়োজন হলে তা আবেদনকারীদের আগে থেকেই **SMS** বা টেলিফোনের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

বি.দ্র. ভর্তি বিজ্ঞপ্তি, অনলাইন আবেদন ফরম ও ভর্তি সংক্রান্ত সকল তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **http://www.nu.ac.bd/admissions**–এ পাওয়া যাবে। তাছাড়া সংশ্লিষ্ট একাডেমিক কমিটির চেয়ারম্যানের সাথে নিম্নোক্ত মোবাইল নম্বরে যোগাযোগ করা যাবে। আর্টস গ্রুপ- ০১৭১৫-১৩৮৬২৫; সোশ্যাল সায়েন্স গ্রুপ- ০১৭১৭-৪৩৫৪৬২; ন্যাচারাল সায়েন্স গ্রুপ ০১৭৩৯- ৩০৭৮৭৩; লাইফ এন্ড আর্থ সায়েন্স গ্রুপ- ০১৭১৫-০২৩৬৭৪ এবং বিজনেস স্টাডিজ গ্রুপ- ০১৮৪১-৮৪৪৮৪৬। অনলাইনে আবেদনের সময় কোন টেকনিক্যাল সমস্যা দেখা গেলে সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল-এ ০১৮১৯-২৪৮৫৬৩ নম্বরে যোগাযোগ করা যাবে।

১৫/০৯/২০২৪

(প্রফেসর ড. ফকির রফিকুল আলম)
ডিন
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

সূত্র : ১৬(৬৯৯) জাতী: বি:/ অন-ক্যাম্পাস মাস্টার্স/ ভর্তি/ ২০১৪/১/৩০২১ তারিখ : ১৫/০৯/২০২৪

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
২. সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা
৪. রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫. সকল চেয়ারম্যান, একাডেমিক কমিটি, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয় [**বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশ এবং অনলাইনে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।**
৭. পরিচালক, জনসংযোগ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়। [**বিজ্ঞপ্তিটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**]
৮. পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯. পরিচালক, তথ্য ও সেবা দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১০. সচিব ও উপ-রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১১. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১২. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৩. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৪. অফিস কপি / নোটিশ বোর্ড

১৫.০৯.২০২৪

(মোঃ শওকত আলম)
উপ-রেজিস্ট্রার
এমফিল এন্ড পিএইচডি ইউনিট
মোবাইল : ০১৭৭৭০৬৯০৭০